# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. দ্বিতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা্

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَسْجُدْ فِي شَيْءٍ مِنَ الْمُفَصَّلِ مُنْذُ تَحَوَّلَ إِلَى الْمَدِينَةِ. رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১০৩৪-[১২] ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় যাওয়ার পর মুফাসসাল সূরার কোন সূরায় সিজদা্ (সিজদা/সেজদা) করেননি। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ১৪০৩। কারণ এর সানাদে মাত্র আল ওয়াররাক্ব একজন অধিক ভুলকারী রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম মালিক (রহঃ) এ হাদীসকে তাঁর মতের দলীল পেশ করেছেন যে, মুফাসসাল সূরাসমূহে তিলাওয়াতের সিজদা্ (সিজদা/সেজদা) নেই। কিন্তু এ হাদীসটি য‘ঈফ যা দলীলযোগ্য নয়। আর এটি সহীহ হলেও তা দলীলের জন্য যথেষ্ট নয়। কারণ ‘আলিমগণ এ বিষয়ে একমত যে, আবূ হুরায়রাহ্ (রাঃ) সপ্তম হিজরীতে ইসলাম গ্রহণ করেছেন। আর তিনি বলেছেনঃ আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সূরাহ্ ইনশিক্বা-ক্ব ও সূরাহ্ ‘আলাক্ব তিলাওয়াতের পর সিজদা্ করেছি। আর সূরাহ্ ইনশিক্বা-ক্ব ও সূরাহ্ ‘আলাক্ব মুফাসসাল সূরাসমূহের অন্তর্ভুক্ত। এতে প্রমাণিত হয় যে, মুফাসসাল সূরাতেও তিলাওয়াতের সিজদা্ বিধিসম্মত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন